বাংলাদেশ শিল্পকলা একাডেমি
১৪/৩, সেগুনবাগিচা, রমনা, ঢাকা।
www.shilpakala.gov.bd

নম্বর: ৪৩.২০.০০০০.০১২.১১.০০১.২৫.৭৬৬ www.prebd.com তারিখ: ২২-১২-২০২৫

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ শিল্পকলা একাডেমির নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে http://bsa.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। **সরাসরি বা ডাকযোগে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।**

| ক্রমিক | পদের নাম ও জাতীয় বেতন স্কেল (২০১৫) | পদের সংখ্যা | সর্বোচ্চ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | উপপরিচালক (প্রশাসন) ৩৫৫০০-৬৭০১০/-(৬ষ্ঠ গ্রেড) | ০১টি | ৩৫ বৎসর | স্নাতকোত্তর ডিগ্রীসহ প্রশাসনিক কাজে কোন বিধিবদ্ধ সংস্থায় সহকারী সচিব/সহকারী পরিচালক বা সমমানের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| ২। | উপ-পরিচালক (চারুকলা) ৩৫৫০০-৬৭০১০/-(৬ষ্ঠ গ্রেড) | ০১টি | ৩৫ বৎসর | চারুকলা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ কোন বিধিবদ্ধ সংস্থায় সহকারী পরিচালক বা সমমানের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা। |
| ৩। | উপ-পরিচালক (নাট্যকলা ও চলচ্চিত্র বিষয়ক) ৩৫৫০০-৬৭০১০/-(৬ষ্ঠ গ্রেড) | ০১টি | ৩৫ বৎসর | নাট্যকলা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ নাটক অথবা চলচ্চিত্র বিষয়ক কর্মকাণ্ড সংক্রান্ত কোন বিধিবদ্ধ সংস্থায় সহকারী পরিচালক বা সমমানের পদে ৭ বৎসরের অভিজ্ঞতা। |

০১. অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:

(ক) আবেদনকারীর বয়স ১৪-০১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩৫ বছর এর মধ্যে হতে হবে। এসএসসি সনদের ভিত্তিতে বয়স নির্ধারণ করতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(গ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(ঘ) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে। কর্তৃপক্ষ এ বিষয়ে নিয়মমাফিক যে কোন পদক্ষেপ গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন। শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঙ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

**(চ) একজন প্রার্থী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন।**

০২. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://bsa.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৪-১২-২০২৫ খ্রি: সকাল-১০-০০ টা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১৪-০১-২০২৬ খ্রি:; বিকাল-০৫-০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ কেবি ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ কেবি হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টেড কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদন (Application form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট/ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষায় ফি বাবদ ক্রমিক-১ হতে ৩ বর্ণিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ও Vat বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা অনলাইনে আবেদন Submit এর পর অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। "এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

চলমান পাতা-২

প্রথম SMS:BSA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BSA ABCDEF

Reply: Applicant's name, TK. ২২৩ will be charged as applicantion fee: Your PIN is xxxxxxxxx. To pay fee type BSA <space> YES <space>PIN and sent to 16222.

দ্বিতীয় SMS:BSA<space> YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BSA Yes xxxxxxxx

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for BSA. Applicantion for xxxxxxx User ID is (ABCDEF) and password (********)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsa.teletalk.com.bd ওয়েবসাইট-এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রেখে SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।www.prebd.com

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নেবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: BSA<space>Help<space>User<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বর। Example: BSA HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: BSA<space>Help<space>PIN<space>PIN No লিখে Send করতে হবে 16222 নম্বরে। Example: BSA HELP PIN ********

(ঝ) Online আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd বা info@ shilpakala.gov.bd এ মেইলে যোগাযোগ করা যাবে।

**০৩. প্রার্থীর যোগ্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র:**

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে:

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র;

খ. অভিজ্ঞতা সনদপত্র;

গ. প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক/পৌরসভার মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

ঘ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনাদের সন্তান হিসেবে প্রমাণকের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

ঙ. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার এর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক/পৌরসভার মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

চ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক/পৌরসভার মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ. শারীরিক প্রতিবন্ধী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ফটোকপি দাখিল করতে হবে।

জ. জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

ঝ. Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicantion copy)

০৫. কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

০৬. আবেদনপত্র বাছাই ও নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

০৮. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৯. নিয়োগ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য www.moca.gov.bd ও www.shilpakala.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১০. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে বা দাখিলকৃত কাগজপত্র জাল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

- **পর্যাপ্ত সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা করার পরামর্শ দেয়া হলো।**

শেখ রেজাউদ্দিন আহমেদ
মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি